



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং- ঢাশিবো/বি/৬/আএন্ডআ/

তারিখ :

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ গোলেনতাজ হোসেন-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

সূত্র : (১) প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), বিএআরআই উচ্চ বিদ্যালয় কর্তৃক জনাব মোঃ গোলেনতাজ হোসেন-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামাসহ আপীল এন্ড আরবিট্রেশন কমিটিতে আবেদন।
(২) বোর্ডের ২০/১১/২০১৯ তারিখের আপীল এন্ড আরবিট্রেশন কমিটির সিদ্ধান্ত।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ গোলেনতাজ হোসেন-এর বিরুদ্ধে আনীত অভিযোগনামা- (১) ৮ম শ্রেণির ছাত্র হামিম রায়হান নিলয়-কে বাঁশের লাঠি দিয়ে বেদমপ্রহার করে হাতের হাড়ভাঙ্গা, (২) তার অদক্ষতা, অসহযোগিতা, দুর্বলতা ও আর্থিক অনিয়মের কারণেই এসএসসি পরীক্ষার কেন্দ্র বাতিল হয়েছে এর জন্য তিনি দায়ী, (৩) জ্যেষ্ঠ শিক্ষককে বাদ দিয়ে ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তকে অবজ্ঞা করে কনিষ্ঠ শিক্ষককে এমপিও ভুক্তির জন্য প্রেরণ, (৪) পেশাগত ও প্রশাসনিকভাবে অদক্ষ এবং দুর্নীতি পরায়ন, (৫) অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের সাথে রুঢ় আচরণ, নৈতিক ও চারিত্রিক স্বলন, (৬) দায়িত্ব ও কর্তব্য পালনে অযোগ্য ইত্যাদি অভিযোগের কারণে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্ত করা হয়েছে।

২। বোর্ডের ২০/১১/২০১৯ আপীল এন্ড আরবিট্রেশন কমিটি প্রাপ্ত অভিযোগসমূহ পূঙ্খানুপূঙ্খ বিশ্লেষণপূর্বক বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব মোঃ গোলেনতাজ হোসেন-কে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তকরণের সিদ্ধান্তের বিষয়টি সর্বসম্মতভাবে অনুমোদন করেছে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
বিএআরআই উচ্চ বিদ্যালয়
পোঃ- বিআরআরআই, উপজেলা- সদর
জেলা- গাজীপুর।

স্বাঃ
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

মেমো নং- ১২১৫ (১৫)

তারিখ : ২০/১১/১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত্র, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, গাজীপুর।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, সদর, গাজীপুর।
- ৫। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৬। জেলা শিক্ষা অফিসার, গাজীপুর।
- ৭। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), বিএআরআই উচ্চ বিদ্যালয়।
- ৮। মোঃ গোলেনতাজ হোসেন, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), বিএআরআই উচ্চ বিদ্যালয়।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা

২০/১১/১৯